গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd

স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/একাদশ শ্রেণি ভর্তি ২০২৩-২০২৪/২০২৩/১৬৮** **তারিখ:** **২৪ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ** / **০৮ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ**

## EIIN NO-120818

## ভর্তি বিজ্ঞপ্তি

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি:

একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর স্মারক নং- মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২৩/১০০৬(১০) তারিখ: ০৭.০৮.২০২৩খ্রি. মোতাবেক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে দিনাজপুর সরকারি কলেজে একাদশ শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:**

২০২১, ২০২২ ও ২০২৩ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২১, ২০২২ ও ২০২৩ সালে এস.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**২। আবেদনের জন্য ভর্তির যোগ্যতা:**

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিজ্ঞান শাখার জন্য ন্যূনতম (এস.এস.সি./সমমানের পরীক্ষায়) জি.পি.এ. ৪.৭৫, মানবিক শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**৩। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:**

শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর এর ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ভর্তি নীতিমালা ও বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৩.০ এর উপ অনুচ্ছেদ ৩.১ ও ৩.৩ অনুযায়ী প্রার্থী নির্বাচন হবে।

**৪। কোটা:**

কলেজ/সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ৯৩% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে মহানগর, বিভাগীয় ও জেলা সদরের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা থাকা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত থাকবে। যদি আবেদনকারীর সংখ্যা বেশি হয় সেক্ষেত্রে তাদের নিজেদের মধ্যে মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ পাবে। আবেদনের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক দপ্তর প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তার প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী যে মহানগর/বিভাগ/জেলায় কর্মরত থাকবেন তার সন্তান সে মহানগর/বিভাগ/জেলায় ভর্তির জন্য বিবেচিত হবেন। মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। যে সকল শিক্ষার্থী বিশেষ চাহিদা সম্পন্ন হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডের ম্যানুয়ালী ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়ালী আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড উপর্যুক্ত প্রমাণপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জি.পি.এ এক্ষেত্রে শিথিলযোগ্য হবে) ভর্তির ব্যবস্থা নিবে।

**৫। ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপে গ্রুপ নির্বাচন করতে পারবে:**

(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;

(খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;

(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীগণ ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি;

(ঘ) মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান গ্রুপ উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ ও মুজাব্বিদ মাহির গ্রুপ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

চলমান পাতা-০২

৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

| ক্র: নং | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৬.১ | ভর্তির জন্য **On-line** এর মাধ্যমে আবেদন গ্রহণ (যারা পুনঃনিরীক্ষণের জন্য আবেদন করবে, আবেদনের যোগ্য হলে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে) অনলাইনে আবেদনগুলো শিক্ষার্থীর পছন্দক্রম অনুযায়ী অটো মাইগ্রেশন প্রযোজ্য। | ১০/০৮/২০২৩ (বৃহস্পতিবার) থেকে ২০/০৮/২০২৩ (রবিবার) |
| **১৫ই আগস্ট- জাতীয় শোক দিবস উপলক্ষ্যে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে।** | | |
| ৬.২ | আবেদন যাচাই, বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ২১/০৮/২০২৩ (সোমবার) থেকে ২৪/০৮/২০২৩ (বৃহস্পতিবার) |
| ৬.৩ | শুধুমাত্র পুনঃনিরীক্ষণে ফলাফল পরিবর্তীত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ৩১/০৮/২০২৩ (বৃহস্পতিবার) |
| ৬.৪ | পছন্দক্রম পরিবর্তনের তারিখ | ৩১/০৮/২০২৩ (বৃহস্পতিবার) |
| ৬.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ০৫/০৯/২০২৩ (মঙ্গলবার রাত ৮:০০ টায়) |
| **০৬ সেপ্টেম্বর- শুভ জন্মাষ্টমী উপলক্ষ্যে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে।** | | |
| ৬.৬ | শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ১ম পর্যায়ের নির্বাচন ও আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ০৭/০৯/২০২৩ (বৃহস্পতিবার) থেকে ১০/০৯/২০২৩ (রবিবার) |
| ৬.৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ১২/০৯/২০২৩ (মঙ্গলবার) থেকে ১৪/০৯/২০২৩ (বৃস্পতিবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৩ (শনিবার রাত ৮:০০ টায়) |
| ৬.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১৬/০৯/২০২৩ (শনিবার রাত ৮:০০ টায়) |
| ৬.১০ | ২য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ২য় পর্যায়ের নির্বাচন ও আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে) | ১৭/০৯/২০২৩ (রবিবার) থেকে ১৮/০৯/২০২৩ (সোমবার রাত ৮:০০ টা পর্যন্ত) |
| ৬.১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ২০/০৯/২০২৩ (বুধবার) থেকে ২১/০৯/২০২৩ (বৃহস্পতিবার) |
| ৬.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ২৩/০৯/২০২৩ (শনিবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৩/০৯/২০২৩ (শনিবার রাত ৮:০০ টায়) |
| ৬.১৪ | ৩য় পর্যায়ের শিক্ষার্থীর নির্বাচন নিশ্চয়ন (শিক্ষার্থী নিশ্চয়ন না করলে ৩য় পর্যায়ের নির্বাচন এবং আবেদন বাতিল হবে) | ২৪/০৯/২০২৩ (রবিবার) থেকে ২৫/০৯/২০২৩ (সোমবার) |
| **২৮ সেপ্টেম্বর- ঈদ-এ-মিলাদুন্নবী (সা:) উপলক্ষ্যে অনলাইন সার্ভিস ও কল সেন্টার বন্ধ থাকবে।** | | |
| ৬.১৫ | ভর্তি | ২৬/০৯/২০২৩ (মঙ্গলবার) থেকে ০৫/১০/২০২৩ (বৃহস্পতিবার) |
| ৬.১৬ | ক্লাস শুরু | ০৮ অক্টোবর, ২০২৩ (রবিবার) |

**** উল্লেখ্য অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোন ভর্তি কার্যক্রম করা হবে না।

**৭। কলেজ ভর্তির আসন সংখ্যা: বিজ্ঞান-৪৫০, মানবিক-২০০, ব্যবসায় শিক্ষা-২০০।**

**৮। অনলাইন এ ভর্তির আবেদনের জন্য করণীয়:**

১. অত্র শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন করতে হবে। অনলাইনে আবেদনের জন্য ওয়েবসাইট এর ঠিকানা: www.xiclassadmission.gov.bd

২. অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫ (পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলি কলেজে আবেদন করবে তার মধ্যে থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।

৯। অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ড ও কলেজ ওয়েবসাইটে www.dgc.edu.bd এ পাওয়া যাবে।

**১০। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য মন্ত্রণালয় অথবা বোর্ড কর্তৃক সংযোজন ও বিয়োজন হতে পারে।**

**বিস্তারিত তথ্যের জন্য:** কলেজ ওয়েবসাইট www.dgc.edu.bd অথবা জনাব মনোরঞ্জন রায়, সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা (০১৭১২৪২০৬৫৭), জনাব শেখ মাহতাবুল হক, সহকারী অধ্যাপক, ইংরেজি (০১৭১২২৪০৬৫৬), জনাব মোছা. আরজিনা পারভীন, সহকারী অধ্যাপক, ইংরেজি (০১৭৫৮২২৫৫৭২)

প্রতিস্বাক্ষর
০৮/০৮/২০২৩
(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

৮/৮/২৩
(মনোরঞ্জন রায়)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২৩-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর